MAY 18 2002

দৈনিক সংবাদ

পৃষ্ঠা ২৫ কলাম ১

# বাংলাদেশের শিক্ষা ও শিক্ষাঙ্গনের তথ্য সংবলিত ওয়েবসাইট

বাংলাদেশের শিক্ষা ও শিক্ষাঙ্গনের বিস্তারিত তথ্য সংবলিত দক্ষিণ এশিয়ায় প্রথম এবং বৃহৎ ডাটাবেজ ওয়েবসাইট (www.universitycampus.org) উদ্বোধন হতে যাচ্ছে। সমগ্র বাংলাদেশের শিক্ষা ও শিক্ষাঙ্গন নিয়ে ওই ডাটাবেজ ওয়েবসাইট প্রধানত তিনটি পর্বে বিভক্ত। (ক) শিক্ষা প্রশাসন- শিক্ষা মন্ত্রণালয় ও এর অধিভুক্ত সকল অধিদপ্তর, শিক্ষা বোর্ডসগুলো ও শিক্ষা সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানের তথ্য; খ. বাংলাদেশের শিক্ষা ও শিক্ষাঙ্গনের বিস্তারিত তথ্য : শিক্ষার গুণগত ও পরিমাণগত অবস্থা, জেলাওয়ারি শিক্ষার হার, শিক্ষার পরিবেশ, পাঠ্যক্রম, শিক্ষার সমস্যা ও সম্ভাবনা ইত্যাদি; গ. বাংলাদেশের প্রায় ৭২ হাজার শিক্ষা প্রতিষ্ঠানের নাম : ঠিকানা, ফোন নাম্বার, প্রতিষ্ঠান প্রধান (প্রধান শিক্ষক, অধ্যক্ষ, উপাচার্য, ডিন, পরিচালক)-এর নাম ইদ্যাদি জেলাওয়ারি এবং শিক্ষাক্রম অনুযায়ী থাকছে।

১৯শে মে বিকাল ৪টায় বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস পত্রিকা কার্যালয়ের সম্মেলন কেন্দ্রে শিক্ষামন্ত্রী ড. এম ওসমান ফারুক এ ওয়েবসাইট উদ্বোধন করবেন। জাতীয় বিশ্ববিদ্যালয় ভাইস চ্যান্সেলর প্রফেসর আবদুল মমিন চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিতব্য ওই অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তৃতা করবেন নর্থ-সাউথ ইউনিভার্সিটি ফাউন্ডেশনের চেয়ারম্যান আজিমুদ্দিন আহমেদ, ভাইস চ্যান্সেলর প্রফেসর হাফিজ জি এ সিদ্দিকী এবং বাংলাদেশ কম্পিউটার সমিতির সভাপতি মো. সবুর খান।

উল্লেখ্য, ওই ওয়েবসাইটের উদ্যোগ, পরিকল্পনা ও তত্ত্বাবধানে রয়েছে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস পত্রিকা।

এ ওয়েবসাইটে কোন শিক্ষা প্রতিষ্ঠানের অধিকতর বিস্তারিত তথ্য উপস্থাপনে ইচ্ছুকদেরকে ফোন নং ঃ ৯৫৬০২২৫, ৯৫৫০০৫৫-এ যোগাযোগ করার জন্য অনুরোধ করা হয়েছে। সংবাদ বিজ্ঞপ্তি।